গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০১. ২০২০- ৬৪

তারিখঃ ১০ মাঘ ১৪৩০ / ২৪ জানুয়ারি ২০২৪

বিষয়ঃ 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪' এবং 'ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৪' উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ০১/০১/২০২৪ তারিখের ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৭৬.২১-০৯ নং স্মারক।

খ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ১৩/১২/২০২৩ তারিখের ৪৩.০০.০০০০.১২৪.২৩.২০২.২৩-৬৪০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪' এবং 'ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৪' উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো। উক্ত আন্তঃমন্ত্রণালয় সভায় স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

**'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪' এর কর্মসূচি/সিদ্ধান্তঃ**

| ক্রম. | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.৩ | জাতীয় অনুষ্ঠানের সাথে সংগতি রেখে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদসমূহে যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদ্‌যাপন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ২.৮ | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে ঢাকা শহরের নিম্নোক্ত সড়ক দ্বীপসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুবিধাজনক স্থানসমূহে বাংলাসহ অন্যান্য দেশের বর্ণমালা সম্বলিত ফেস্টুন দ্বারা সজ্জিত করতে হবে:<br>(ক) হোটেল সোনারগাঁও এবং হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এর সম্মুখস্থ সড়ক দ্বীপ;<br>(খ) শিক্ষা ভবন থেকে পররাষ্ট্র মন্ত্রণালয় পর্যন্ত সড়ক দ্বীপসমূহ;<br>(গ) সচিবালয়সহ জিপিও মোড় এবং বায়তুল মোকাররম উত্তর গেইট;<br>(ঘ) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের সড়ক দ্বীপসমূহ;<br>(ঙ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখস্থ সড়ক দ্বীপ;<br>(চ) শাপলা চত্বর, মতিঝিল;<br>(ছ) কেন্দ্রীয় শহিদ মিনার থেকে আজিমপুর কবরস্থান পর্যন্ত সড়ক দ্বীপসমূহ:<br>(জ) ছাত্র-শিক্ষক কেন্দ্র এবং কার্জন হল সম্মুখস্থ সড়ক দ্বীপসমূহ;<br>(ঝ) বাংলাদেশ জাতীয় জাদুঘরের সম্মুখের সড়ক দ্বীপসমূহ;<br>(ঞ) ঢাকা শহরের প্রবেশমুখসমূহ;<br>(ট) চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়; এবং<br>(ঠ) মেট্রোরেল স্টেশনসমূহ।<br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষসমূহ সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | স্থানীয় সরকার বিভাগ, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ২.৯ | একুশে ফেব্রুয়ারি রাতে শিক্ষাভবন থেকে কেন্দ্রীয় শহিদ মিনার হয়ে আজিমপুর পর্যন্ত সড়ক ও কবরস্থানে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে। কেন্দ্রীয় শহিদ মিনার চত্বরে স্থায়ীভাবে পর্যাপ্ত আলোকিতকরণের ব্যবস্থা করতে হবে। কেন্দ্রীয় শহিদ মিনার এলাকায় গাছের শুকনো এবং ঝুঁকিপূর্ণ ডালপালা অপসারণসহ রাস্তাঘাট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করতে হবে। বিকল্প ব্যবস্থা হিসেবে প্রয়োজনীয় সংখ্যক জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে। | ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ২.১২ | একুশে ফেব্রুয়ারির দিনে কেন্দ্রীয় শহিদ মিনার এলাকার আশেপাশে অন্তত ১০টি স্থানে ঢাকা ওয়াসা বিশুদ্ধ ও সুপেয় খাবার পানি সরবরাহ করবে। | স্থানীয় সরকার বিভাগ, ঢাকা ওয়াসা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |

**'ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৪' এর কর্মসূচি/সিদ্ধান্তঃ**

| ক্রম. | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উপলক্ষ্যে ৭ মার্চ, ২০২৪ তারিখ বৃহস্পতিবার প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক | স্থানীয় সরকার বিভাগ, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি |

| ক্রম. | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.২ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠান আয়োজন করা হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ২.৬ | জাতীয় অনুষ্ঠানের সঙ্গে সংগতি রেখে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা প্রশাসন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদসমূহে যথাযোগ্য মর্যাদায় 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন করবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | স্থানীয় সরকার বিভাগ |
| ২.৭ | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উপলক্ষে ঢাকা শহরের নিম্নোক্ত সড়ক দ্বীপসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুবিধাজনক স্থানসমূহ ফেস্টুন দ্বারা সজ্জিত করতে হবে:<br>- হোটেল সোনারগাঁও এবং হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এর সম্মুখস্থ সড়ক দ্বীপ;<br>- শিক্ষা ভবন থেকে পররাষ্ট্র মন্ত্রণালয় পর্যন্ত সড়ক দ্বীপসমূহঃ<br>- সচিবালয়সহ জিপিও মোড় এবং বায়তুল মোকাররম উত্তর গেইট;<br>- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের সড়ক দ্বীপসমূহ;<br>- প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখস্থ সড়ক দ্বীপ;<br>- শাপলা চতুর, মতিঝিল;<br>- ছাত্র-শিক্ষক কেন্দ্র ও কার্জন হল সম্মুখস্থ সড়ক দ্বীপসমূহ;<br>- বাংলাদেশ জাতীয় জাদুঘর থেকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সম্মুখের সড়ক দ্বীপসমূহ;<br>- মেট্রোরেল স্টেশনসমূহঃ<br>- রাসেল স্কয়ার, মিরপুর রোড; এবং<br>- শাহবাগ থেকে এয়ারপোর্ট পর্যন্ত সকল ফ্লাইওভার এবং ফুট ওভার ব্রিজসমূহ। | ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ২.৮ | দেশের সকল জেলা ও উপজেলায় জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন এবং জেলা শিল্পকলা একাডেমির মাধ্যমে 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করতে হবে: | স্থানীয় সরকার বিভাগ |
| ২.১৫ | ওসমানী স্মৃতি মিলনায়তনে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে এবং সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ এবং বিকল্প ব্যবস্থা হিসেবে প্রয়োজনীয় সংখ্যক জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ২.১৮ | ওসমানী স্মৃতি মিলনায়তন এলাকার আশে পাশে ধুলাবালি রোধকল্পে সংশ্লিষ্ট এলাকায় পানি ছিটানোর এবং পরিস্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করতে হবে। | ঢাকা উত্তর/ দক্ষিণ সিটি কর্পোরেশন |

২৪/০১/২০২৪

প্রত্যয় হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন/প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম/গাজীপুর/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

১। অতিরিক্ত সচিব (সকল)/ মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।

২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।